JUCSE Alumni Association
Department of Computer Science and Engineering
Jahangirnagar University, Savar, Dhaka-1342

# বার্ষিক সাধারণ সভা (AGM) – ২০২৫

## সভার গৃহীত সিদ্ধান্ত (Resolution)

**রেজোলিউশন নং:** JUCSEAA/AGM/2026/01

**তারিখ:** ২০ জুন ২০২৬
**সময়:** বিকাল ৫:৩০ মিনিট
**স্থান:** পদ্মা হল, প্যান প্যাসিফিক সোনারগাঁও, ঢাকা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সাবেক শিক্ষার্থীদের সংগঠন **জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশন**-এর বার্ষিক সাধারণ সভা (AGM) ২০ জুন ২০২৬ তারিখে সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী যথাযথভাবে অনুষ্ঠিত হয়।

সভায় কোরাম পূর্ণ হওয়ায় সহ সভাপতি-১ অধ্যাপক ড. আবু সাঈদ মোঃ মোস্তাফিজুর রহমান (চয়ন) সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থাপিত আলোচ্যসূচি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

### সিদ্ধান্ত নং–১

কার্যনির্বাহী কমিটি (২০২৪–২০২৫)-এর বার্ষিক কার্যক্রম প্রতিবেদন সাধারণ সম্পাদক জনাব এস. এম. গোলাম রাব্বি কর্তৃক উপস্থাপিত হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

### সিদ্ধান্ত নং–২

সাধারণ সম্পাদক জনাব এস. এম. গোলাম রাব্বি কর্তৃক উপস্থাপিত ২০২৫ সালের বার্ষিক আর্থিক প্রতিবেদন সভায় পর্যালোচনা শেষে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

### সিদ্ধান্ত নং–৩

সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী ২০২৬–২০২৭ মেয়াদের কার্যনির্বাহী কমিটির প্রাথমিক নির্বাচন অনুষ্ঠিত হয় এবং নিম্নোক্ত পদাধিকারীগণ নির্বাচিত হন—

- **সভাপতি (পদাধিকারবলে):** অধ্যাপক ড. মোঃ গোলাম মোয়াজ্জম
- **সহ-সভাপতি–১:** জনাব নাজমুল মোমিন (জুয়েন)
- **সহ-সভাপতি–২:** জনাব মোঃ নুরুজ্জামান বিজন
- **সহ-সভাপতি–৩:** জনাব এম. জে. এফ. রুপম (বাবলা)
- **সাধারণ সম্পাদক:** জনাব এস. এম. গোলাম রাব্বি
- **কোষাধ্যক্ষ:** জনাব মোঃ আশরাফুল ইসলাম শোভন



Phone: +8801718067924, +8801710862768, +8801927129603
Website: https://www.jucsealumni.org Email: contact@jucsealumni.org

সভা আরও সিদ্ধান্ত গ্রহণ করে যে, সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী অবশিষ্ট কার্যনির্বাহী সদস্যবৃন্দ বিভিন্ন ব্যাচের মনোনীত প্রতিনিধিদের সঙ্গে পরামর্শক্রমে নির্বাচন করা হবে এবং পরবর্তীতে পূর্ণাঙ্গ কার্যনির্বাহী কমিটি ঘোষণা করা হবে।

**সিদ্ধান্ত নং-৪**

সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সংগঠনের কার্যক্রমে প্রবাসে অবস্থানরত অ্যালামনাইদের কার্যকর অংশগ্রহণ, আন্তর্জাতিক সমন্বয় এবং বৈশ্বিক যোগাযোগ সম্প্রসারণের লক্ষ্যে কার্যনির্বাহী কমিটিতে **"সহ-সভাপতি-৩ (Vice President-3)"** নামে একটি নতুন পদ সৃষ্টি করা হলো।

সভা আরও সিদ্ধান্ত গ্রহণ করে যে, উক্ত পদে নির্বাচিত হওয়ার জন্য প্রার্থীকে নিম্নোক্ত যোগ্যতা পূরণ করতে হবে—

১। তাকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের স্নাতক (Graduate) হতে হবে।

২। নির্বাচনের তারিখে তাঁর বয়স **৩৫ (পঁয়ত্রিশ) বছর বা তার কম** হতে হবে।

৩। তাকে নির্বাচনের সময় **বাংলাদেশের বাইরে (প্রবাসে) স্থায়ী বা দীর্ঘমেয়াদি ভিত্তিতে অবস্থানরত** হতে হবে।

সভা আরও সিদ্ধান্ত গ্রহণ করে যে, উপরোক্ত বিধানসমূহ সংগঠনের গঠনতন্ত্রে অন্তর্ভুক্ত করার জন্য নবগঠিত কার্যনির্বাহী কমিটি প্রয়োজনীয় সংশোধনী কার্যক্রম সম্পন্ন করবে।

**সিদ্ধান্ত নং-৫**

সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, নবনির্বাচিত কার্যনির্বাহী কমিটি (২০২৬-২০২৭) সংগঠনের সকল প্রশাসনিক, সাংগঠনিক, আর্থিক ও নীতিগত কার্যক্রম পরিচালনার জন্য ক্ষমতাপ্রাপ্ত হবে এবং সংগঠনের গঠনতন্ত্র অনুযায়ী তাদের ওপর অর্পিত সকল দায়িত্ব পালন করবে।

**সিদ্ধান্ত নং-৬**

সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, সংগঠনের পক্ষে ব্যাংক, বাংলাদেশ ব্যাংক, RJSC, জাতীয় রাজস্ব বোর্ড (NBR), সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান এবং অন্যান্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন, নিবন্ধন, তথ্য হালনাগাদ, প্রত্যয়নপত্র প্রদান, নথিপত্র দাখিল, কর, ব্যাংকিং ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম সম্পাদনের জন্য **সাধারণ সম্পাদক**-কে ক্ষমতা প্রদান করা হবে।



Phone: +8801718067924, +8801710862768, +8801927129603
Website: https://www.jucsealumni.org Email: contact@jucsealumni.org

সাধারণ সম্পাদক কার্যনির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংগঠনের পক্ষে প্রয়োজনীয় আবেদনপত্র, প্রত্যয়নপত্র, রেজোলিউশন, ঘোষণা, চুক্তিপত্র, অঙ্গীকারনামা, পত্রাচার এবং অন্যান্য প্রয়োজনীয় দলিলে স্বাক্ষর, দাখিল ও অনুসরণ (Follow-up) করতে পারবেন।

**সিদ্ধান্ত নং-৭**

সভায় বার্ষিক সাধারণ সভা সফলভাবে আয়োজনের জন্য সকল সদস্য, শিক্ষকবৃন্দ, অতিথিবৃন্দ, শিল্পখাতের নেতৃবৃন্দ, দাতা, স্পন্সর, শুভানুধ্যায়ী এবং স্বেচ্ছাসেবকদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়।

**সিদ্ধান্ত নং-৮**

অন্য কোনো আলোচ্য বিষয় না থাকায় সহ সভাপতি - ১ অধ্যাপক ড. আবু সাঈদ মোঃ মোস্তাফিজুর রহমান (চয়ন) উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**প্রত্যয়ন (Certification)**

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত সিদ্ধান্তসমূহ জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশনের বার্ষিক সাধারণ সভা (AGM)–২০২৫, যা ২০ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়, তাতে উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে এবং এটি উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের সত্য ও সঠিক অনুলিপি।

তারিখ: 19.07.26

**প্রত্যয়নকারী**

..................................................
**এস. এম. গোলাম রাব্বি**
সাধারণ সম্পাদক
জেইউসিএসই অ্যালামনাই অ্যাসোসিয়েশন (কার্যনির্বাহী কমিটি, ২০২৬-২০২৭)



Phone: +8801718067924, +8801710862768, +8801927129603
Website: https://www.jucsealumni.org Email: contact@jucsealumni.org